

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
(সংস্থা প্রশাসন শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০০৩.১৭-

তারিখঃ ২৯ চৈত্র, ১৪২৪ বঃ
১২ এপ্রিল, ২০১৮ খ্রি

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
খাদ্য মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬, আবদুল গনি রোড, ঢাকা।

বিষয়ঃ জনাব মোঃ আব্দুল খালেক মন্ডল, প্রাক্তন উপপরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-এর মাসিক পেনশন ও আনুতোষিক মঞ্জুরি।

সূত্রঃ খাদ্য অধিদপ্তরের পত্র নং- ১৩.০১.০০০০.০৩৪.১৩.০০৬.১৭-২৫২ তারিখঃ ১০/০৪/২০১৮ খ্রি:।
জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আব্দুল খালেক মন্ডল, প্রাক্তন উপ-পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-এ মন্ত্রণালয়ের ২৬/০১/২০১৭ খ্রিঃ তারিখের ৩৮ নং প্রজ্ঞাপন মূলে বিগত ১৬/০১/২০১৭ খ্রিঃ হতে ১৫/০১/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অবসর উত্তর ছুটি ভোগ শেষে চূড়ান্তভাবে অবসর গ্রহণ করেন। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা পেনশন ফরম ২.১ পূরণপূর্বক প্রাপ্য আনুতোষিকসহ মাসিক নীট পেনশন মঞ্জুরির জন্য আবেদন করেন। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবমতে তাঁর নিকট কোন পাওনা না থাকায় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নের শর্ত মোতাবেক তার অনুকূলে আনুতোষিক ও মাসিক নীট পেনশন পরিশোধের মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

- (ক) তার নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তিনি বা তাঁর উত্তরাধিকারীগণ তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- (খ) খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হিসাব বিবরণী অনুযায়ী তিনি আনুতোষিক বাবদ ৪৪,৬৮,০৯৫/- (চুয়াল্লিশ লক্ষ আটষাট হাজার পঁচানব্বই টাকা) ও মাসিক নীট পেনশন বাবদ ১৯,৪২৬.৫০ টাকা (উনিশ হাজার চারশত ছাশি টাকা পঞ্চাশ পয়সা) প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারী কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।
- ২। জনাব মোঃ আব্দুল খালেক মন্ডল এর প্রাপ্য আনুতোষিক ও মাসিক নীট পেনশন পরিশোধের জন্য পিপিও বহিঃ জারি করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।
- ৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হয়েছে।
- ৪। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ-

(ক)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে চূড়ান্ত না-দাবী সনদ	১(এক) কপি
(খ)	নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১	১(এক) কপি
(গ)	সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি	১(এক) কপি
(ঘ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অবসর আদেশ	১(এক) কপি
(ঙ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২)	১(এক) কপি
(চ)	সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর ও পঁচ অংগুলির ছাপ (সংযোজনী-৬)	১(এক) কপি
(ছ)	সংশ্লিষ্ট কর্মকর্তার শেষ বেতনের সনদ (ই.এল.পি.সি) (সংযোজনী-১)	১(এক) কপি
(জ)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বিবরণী	১(এক) কপি
(ঝ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে সর্বশেষ কর্মস্থলের না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	১(এক) কপি
(ঞ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অঙ্গীকার নামা	১(এক) কপি

সংযুক্তিঃ বর্ণনামতে

স্বাক্ষরিতঃ-
(মোহাম্মদ হেলাল উদ্দিন)

উপসচিব

ফোন: ৯৫৪০১১২

sasestabadmin@mofood.gov.bd

তারিখঃ ২৯ চৈত্র, ১৪২৪ বঃ
১২ এপ্রিল, ২০১৮ খ্রি:

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০০৩.১৭- ১৬৫/১ (৫)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আবদুল গনি রোড, ঢাকা।
- ২-৩। পরিচালক (প্রশাসন/হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬, আবদুল গনি রোড, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় - মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৫। জনাব মোঃ আব্দুল খালেক মন্ডল, প্রাক্তন উপপরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা; বর্তমান ঠিকানাঃ ৯৪, নয়্যাটোলা, বড় মগবাজার, ঢাকা।

(মোহাম্মদ হেলাল উদ্দিন)
উপসচিব
১২/০৪/১৮